



মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর

www.jessoreboard.gov.bd



স্মারক নং পনি/পিএ/৫৯৮

তারিখ : ০১-১২-২০২১ খ্রি.

এইচএসসি পরীক্ষা-২০২১ এর কেন্দ্রের ভারপ্রাপ্ত কর্মকর্তাগণের জন্য অতীব জরুরী সতর্কতা

এ বোর্ডের অধীন সকল এইচএসসি পরীক্ষা কেন্দ্রের ভারপ্রাপ্ত কর্মকর্তাগণকে নিম্ন লিখিত সতর্কতা অবলম্বন করার জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো।

- ০১। পরীক্ষার্থীদেরকে পরীক্ষা কক্ষে সকাল ৯-৩০ মিনিটের মধ্যে প্রবেশ নিশ্চিত করতে হবে
- ০২। এইচএসসি পরীক্ষা-২০২১ এর সময় ও নম্বর বিভাজন অনুযায়ী পরীক্ষা গ্রহণ করতে হবে
- ০৩। কেন্দ্রে সংযুক্ত ট্যাগ অফিসার কেন্দ্র সচিব বা তাঁর মনোনীত প্রতিনিধিকে নিয়ে ট্রেজারি/থানা/নিরাপত্তা হেফাজত হতে প্রশ্নপত্র গ্রহণ করবেন এবং পরীক্ষা শুরুর পূর্বে ট্যাগ অফিসার, কেন্দ্র সচিব এবং পুলিশ কর্মকর্তার উপস্থিতি ও স্বাক্ষরে বিধি অনুসরণ করে প্রশ্নপত্রের প্যাকেট খুলতে হবে
- ০৪। প্রশ্নপত্রের প্যাকেটের উপরে সেট কোড, বিষয়, বিষয় কোড সম্পর্কিত তথ্য নিশ্চিত হতে হবে
- ০৫। সিকিউরিটি প্যাকেট খোলার পরও আরো একবার সেট কোড, বিষয় ও বিষয় কোড যাচাই করে প্রশ্নপত্রের প্যাকেট খুলতে হবে
- ০৬। প্রবেশপত্র ও নিবন্ধন কার্ড ছাড়া কাউকে পরীক্ষায় অংশগ্রহণ করতে দেয়া যাবে না
- ০৭। প্রতিদিনের পরীক্ষা শেষে ঐ দিনই বাহক মারফৎ/বাহক মারফৎ প্রেরণ করতে না পারলে জরুরী ভিত্তিতে ডাক বিভাগ/রেলওয়ে পার্সেলের মাধ্যমে বোর্ডে প্রেরণের ব্যবস্থা করতে হবে (পরীক্ষা শেষে লিখিত উত্তরপত্র, নৈর্ব্যক্তিক উত্তরপত্র ও টপ কভার কোনো ক্রমেই ট্রেজারি/থানা/ব্যাংকে সংরক্ষণ করা যাবে না)
- ০৮। প্রতিবন্ধি ও বিশেষ চাহিদা সম্পন্ন (অটিস্টিক এবং ডাউন সিনড্রোম বা সেরিব্রালপল্‌সি আক্রান্ত) পরীক্ষার্থীদের উত্তরপত্র 'হলুদকাপড়ে' এবং বহিষ্কৃত পরীক্ষার্থীদের উত্তরপত্র 'লাল কাপড়ে' প্যাকিং করে আলাদাভাবে প্রেরণ করতে হবে
- ০৯। লিখিত উত্তরপত্র, নৈর্ব্যক্তিক উত্তরপত্র এবং টপ কভার পরীক্ষা শেষে ঐ দিনই আকাশি রংয়ের কাপড় দিয়ে মুড়িয়ে যথাযথ ঠিকানায় প্রেরণ করতে হবে। এক্ষেত্রে ইংরেজি ভাষায় পরীক্ষার্থীদের শুধুমাত্র লিখিত উত্তরপত্র আলাদা করে প্রেরণ করতে হবে এবং মোড়কের উপর "ইংরেজি ভাষায়" কথাটি লিখতে হবে
- ১০। পরীক্ষা চলাকালীন এবং পরীক্ষা অনুষ্ঠানের পূর্বে বা পরে পরীক্ষা কেন্দ্রে পরীক্ষার্থী ও পরীক্ষা সংশ্লিষ্ট কাজে নিয়োজিত ব্যক্তিগণ ব্যতীত অন্যদের প্রবেশ সম্পূর্ণরূপে নিষিদ্ধ থাকবে। এ সময়ে পরীক্ষা কেন্দ্রে প্রবেশকারী অননুমোদিত ব্যক্তিবর্গের বিরুদ্ধে আইনগত ব্যবস্থা গ্রহণ করতে হবে।

(প্রফেসর মাধব চন্দ্র রণ্ড)

পরীক্ষা নিয়ন্ত্রক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড

যশোর

ফোন : ০৪২১-৬৮৬৬৬

ই-মেইল : controller@jessoreboard.gov.bd

এ বোর্ডের অধীন সকল

ভারপ্রাপ্ত কর্মকর্তা

এইচএসসি পরীক্ষা কেন্দ্র -২০২১